# Times Today BD

জেলা প্রতিনিধি | বরিশাল | 21 April, 2025

রাজধানীর বনানীর বেসরকারি প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে (২৩) হত্যার ঘটনায় দোষীদের গ্রেপ্তার ও শাস্তির দাবিতে মানববন্ধন করেছে পিরোজপুর জেলা ছাত্রদল।সোমবার দুপুরে পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজ প্রাঙ্গণে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, নিহত পারভেজ ছাত্রদলের সক্রিয় কর্মী ছিল।পারভেজকে নির্মমভাবে হত্যা করা হয়েছে।ভিডিও ফুটেজে স্পষ্ট প্রমাণ রয়েছে।সেখানে থাকা চারজন বৈষম্যবিরোধীর ব্যানারে রাজনীতি করে।এদেরকে গ্রেপ্তার করে দৃষ্টান্ত মূলক শাস্তির আওতায় আনতে হবে।প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে হত্যাকারীদের দ্রুত গ্রেপ্তার করা না হলে ছাত্র সমাজ চুপ থাকবে না।আমরা চাই দৃষ্টান্তমূলক শাস্তি হোক, যাতে ভবিষ্যতে কেউ এমন ভয়াবহ ঘটনার স্বীকার না হয়।বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নামে কিছু দুষ্কৃতিকারী ঢুকে পড়েছে যারা আমার ভাইকে হত্যা করার সাহস দেখিয়েছে, একটু হাসির কারণে যাকে হত্যা করা হয়েছে তার হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি না দিলে বাংলার জনগণ শান্তি পাবে না।

□মানববন্ধনে পিরোজপুর জেলা বিএনপির আহ্বায়ক অধ্যক্ষ আলমগীর হোসেন, জেলা যুবদলের সদস্য সচিব এমদাদুল হক মাসুদ , জেলা ছাত্রদলের সভাপতি হাসান আল মামুন, ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক তানজিদ রশিদ বাপ্পি সাংগঠনিক সম্পাদক সালাউদ্দিন কুমার সহ জেলা ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

হত্যা মানববন্ধন পারভেজ হত্যা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:47

URL: https://www.timestodaybd.com/barishal/1191551432